

## জাবারাং কল্যাণ সমিতি

### সেপরন নীতিমালা

#### সেপরনদের দায়িত্ব

১. শিশুদের অধিকারসমূহ বাস্তবায়নে ও কল্যাণ সাধনে কাজ করা।
২. শিশুদের স্বাস্থ্য, নিরাপত্তা, কল্যাণ ও সর্বোত্তম স্বার্থগুলোকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া।
৩. শিশুদের কল্যাণ ও উন্নয়নের ক্ষেত্রটিকে বিকশিত ও নিরাপত্তা বিধান করে তাদের সম্ভাবনাগুলোর পরিপূর্ণ বিকাশে তথা অর্জনে ভূমিকা রাখতে পারে।
৪. শিশুকে তার নিজস্ব সংস্কৃতি, ধর্ম এবং জাতিসত্ত্বার প্রেক্ষাপটে তাদেরকে সম্মান প্রদর্শন, মূল্যায়ন করা এবং বুঝতে হবে। এসব প্রেক্ষাপট মনে রেখে শিশুদের প্রয়োজনসমূহ চিহ্নিত করা ও তা মেটাতে সম্ভাব্য সহায়তা করা। পারিবারিক প্রেক্ষাপটকে যতটা সম্ভব বিবেচনা করা।
৫. শিশুদের কথা শোনা, তাদের মতামতকে যত্নের সাথে বিবেচনা করা, শিশুদের প্রভাবিত করতে পারে এমন বিষয়গুলোয় সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে অংশগ্রহণে উৎসাহিত ও সাহায্য করা।

#### সেপরনের আচরণ বিধিমালা

১. সম্ভাব্য ঝুঁকি অবস্থা সম্পর্কে সচেতন থাকা এবং ঝুঁকি দেখা দিলে সঠিক পদক্ষেপ নেওয়া;
২. যে কোন বিষয় নজরে আনলে তা খোলামেলাভাবে শিশুদের মধ্যে আলোচনা করা;
৩. দায়বদ্ধতার ভাবকে জাগ্রত করা যেন যে কোন ধরনের নিপীড়ন-নির্যাতনের ঘটনার শিকার হওয়ামাত্র দুষ্কৃতিকারীকে বাধা বা প্রতিবাদের মুখোমুখি হতে হয়।

#### সাধারণভাবে, সেপরন কর্তৃক যা করা উচিত নয়, তা হলো

১. অন্য শিশুদের থেকে নিজেকে দূরে রেখে কোন শিশুর সাথে বেশী সময় দেওয়া;
২. কোন শিশুকে অন্য শিশুদের সাথে পৃথক করে কোন জায়গায় একাকি নিয়ে যাওয়া।

#### সেপরন কর্তৃক যা কোনক্রমেই করা যাবে না, তা হলো

১. কোন শিশুকে দৈহিকভাবে বা অন্য কোনভাবে নিপীড়ন বা নির্যাতন;
২. শিশুর সাথে দৈহিক বা যৌন সম্পর্ক স্থাপন;
৩. শিশুর সাথে নিপীড়ন বা শোষণমূলক সম্পর্ক স্থাপন;
৪. এমন কোন কাজ যা শিশুকে নিপীড়ন বা নিপীড়নমূলক অবস্থানের ঝুঁকির পর্যায়ে ফেলে দিতে পারে;
৫. এমন সব ভাষা ব্যবহার, সুপারিশ/পরামর্শ রাখা যা সঠিক নয়, অশোভনীয় ও অপমানজনক;
৬. এমন কাজসমূহ যা লজ্জাকর, অবমাননাকর, অমর্যাদাকর ও মূল্য খর্ব করা;
৭. অন্য সকলকে বাদ দিয়ে কোন এক শিশুকে বৈসাদৃশ্য করা, বৈষম্যমূলক আচরণ, পক্ষপাতিত্ব করা।

সেপারনগন যখন শিশুদের সাথে কথা বলবেন এবং কাজ করবেন, তখন তাদেরকে শিশুদের অধিকারের বিষয়গুলোতে শ্রদ্ধাশীল থাকতে হবে। সেক্ষেত্রে সেপারনগনের দায়িত্ব হবে-

- প্রতিটা শিশুকে সম্মান করা এবং প্রতিটা শিশুর অধিকারকে স্বীকৃতি দেয়া;
- প্রতিটা শিশুকে অনুকূল দৃষ্টিভঙ্গিতে দেখা এবং তাদের সুনির্দিষ্ট প্রয়োজন ও অধিকারগুলোকে মূল্য দেওয়া;
- পারস্পরিক বিশ্বাস ও সম্মানের ভিত্তিতে সহযোগিতার মাধ্যমে এক সাথে কাজ করা;
- শিশুদের মতামতকে গুরুত্ব দেওয়া ও সেগুলোকে আন্তরিকতার সাথে দেখা;
- শিশুদের সাথে এমনভাবে কাজ করা যাতে তাদের সহজাত সক্ষমতা বৃদ্ধিতে ও সুপ্ত প্রতিভা বিকাশে সহায়তা করা;
- দায়িত্বপ্রাপ্ত শিশুরা অসুস্থ হয়ে পড়লে তাদের চিকিৎসা সেবা লাভে সম্ভাব্য সহায়তা করা।

১. শিশু সুরক্ষা নীতিমালা ভালভাবে পড়বেন এবং এ বিষয়ে সচেতন ও যত্নবান থাকবেন।
২. সেপারন এর নিকট যে সমস্ত শিশুদের তিনি সাথে করে নিয়ে আসবেন, তাদের একটা তালিকা যে সংস্থার মাধ্যমে আসছেন, সেই সংস্থার প্যাডে শিশুদের অংশগ্রহণের জন্য নিয়ে আসার ক্ষমতা সম্বলিত চিঠি সংগে রাখতে হবে।
৩. সেপারন দায়িত্বপ্রাপ্ত শিশুদের সংগে নিয়ে আসা ও শিশুর অভিভাবকের নিকট শিশু সমাবেশ বা নির্ধারিত কার্যক্রম শেষে নিরাপদে পৌঁছে দেওয়া এবং তাদের সার্বিক কল্যাণ, যত্ন ও নিরাপত্তা বিধানের সার্বক্ষনিক দায়িত্ব পালন করবেন।
৪. শিশু সমাবেশের বিভিন্ন কার্যক্রমে শিশুর অংশগ্রহণ ও উপস্থিতি নিশ্চিতকরণের লক্ষ্যে তিনি দায়িত্বপ্রাপ্ত শিশুদের এক স্থান থেকে অন্য স্থানে নিয়ে যাওয়া, ফিরে নিয়ে আসার জন্য সংগে থেকে দায়িত্ব পালন করবেন।
৫. দায়িত্বপ্রাপ্ত শিশুদের উপযুক্ত প্রয়োজনগুলো পূরণের জন্য যত্নবান থাকবেন।
৬. দায়িত্বপ্রাপ্ত শিশুদের প্রশিক্ষণে বা নির্ধারিত কার্যক্রমে সময়মত অংশগ্রহণের বিষয়টা সুনিশ্চিত করবেন।